কাপ-যুদ্ধ

প্রথম এগারোয় বদলের ভাবনা কোচ স্কালোনির

একাগ্র মেসি। ছবি: এএফপি

আজকালের প্রতিবেদন

আলজেরিয়া ম্যাচ আপাতত ভুলে এবার সামনের দিকে তাকাচ্ছেন লিওনেল মেসিরা। সোমবার ভারতীয় সময় রাতে ডালাস স্টেডিয়ামে অস্ট্রিয়ার বিরুদ্ধে দ্বিতীয় ম্যাচে নামবে আর্জেন্টিনা। তার আগে লিওনেল স্কালোনি দল নির্বাচন নিয়ে বেশ কিছু খবর সামনে এসেছে। সূত্রের খবর, আগামী ম্যাচে প্রথম একাদশের বেশ কয়েকটি পজিশনে ফুটবলার বদল নিয়ে আলোচনা চলছে দলের অন্দরে। যেমন, রাইটব্যাকে নাহুয়েল মোলিনা নাকি গঞ্জালো মন্টিয়েল খেলবেন, বা আক্রমণভাগে জুলিয়ান আলভারেজ নাকি লাওতারো মার্টিনেজ শুরু করবেন, তা নিয়ে ভাবনাচিন্তা করছেন আর্জেন্টাইন কোচ। এছাড়াও, মাঝমাঠে থিয়াগো আলমাডার খেলা নিয়ে কোচিং স্টাফরা আলোচনা করছেন।

ফুটবলারদের ঘুরিয়ে-ফিরিয়ে খেলানোর পরিকল্পনার মধ্যেই আর্জেন্টিনা দলের জন্য সুখবর, নিকোলাস ট্যাগলিয়াফিকো এবং লিয়ান্দ্রো পারাদেস দ্রুত চোট কাটিয়ে সুস্থ হয়ে উঠছেন। যা খবর, অস্ট্রিয়ার বিরুদ্ধে বিশ্বকাপের পরবর্তী ম্যাচে তাঁদের দু'জনকেই দলে রাখতে পারেন স্কালোনি। তবে তাঁরা খেলবেন কি না, তা নিয়ে এখনও কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। মার্কো বালের্ডি চোটে ছিটকে যাওয়ার পর স্কালোনির কপালে চিন্তার ভাঁজ বেড়েছিল। তবে এই দুই ফুটবলারের ফেরার পরিস্থিতি তৈরি হওয়ায় কোচের মুখে হাসি ফুটবেই। ট্যাগলিয়াফিকোর জায়গায় আলজেরিয়ার বিরুদ্ধে খেলেছিলেন ফাকুন্দো মেদিনা। তাঁর দুর্দান্ত পারফরমেন্স স্কালোনি ও তাঁর সহকারীদের আত্মবিশ্বাস জুগিয়েছে। ফলে ট্যাগলিয়াফিকোকে নিয়ে এইমুহূর্তে তাড়াহুড়ো করতে চাইছেন না কোচ।

অস্ট্রিয়ার বিরুদ্ধে খেলার আগে প্রথম ম্যাচ নিয়ে পর্যালোচনা হয়েছে নীল-সাদা শিবিরে। সেখানে যে ছবিটা উঠে এসেছে, তা আগামীতে ভাল কিছুরই ইঙ্গিত দিচ্ছে। সেদিন চাপের মুখেও আর্জেন্টিনার সফল পাসের হার ছিল ৮৯ শতাংশ। যা এখনও পর্যন্ত চলতি বিশ্বকাপের যে কোনও দলের মধ্যে সর্বোচ্চ। এই পরিসংখ্যান আর্জেন্টিনা দলের মানসিক স্থিরতা, কৌশলগত দক্ষতা এবং প্রতিপক্ষের আক্রমণাত্মক চাপের মধ্যেও নিজেদের স্বাভাবিক খেলা চালিয়ে যাওয়ার সক্ষমতাকে তুলে ধরেছে। স্বীকার করতে দ্বিধা নেই, এটাই লিওনেল স্কালোনির দলের অন্যতম প্রধান শক্তি।

সামনে সুইডেন, মরণ-বাঁচন ম্যাচ ডাচদের

আজকালের প্রতিবেদন

হিউস্টনে বিশ্বকাপের গ্রুপ এফ-এর গুরুত্বপূর্ণ ম্যাচে মুখোমুখি হতে চলেছে নেদারল্যান্ডস ও সুইডেন। নিজেদের প্রথম ম্যাচে জাপানের সঙ্গে ২-২ গোলে ড্র করার ফলে ডাচ শিবির আপাতত প্রবল চাপে রয়েছে। রোনাল্ড কোম্যানের দলের জন্য এই ম্যাচটি অনেকাংশে নিজেদের টিকে থাকার লড়াই। যদি এই ম্যাচে কাঙ্ক্ষিত ফলাফল না আসে, তবে পরের রাউন্ডে যাওয়ার পথ নেদারল্যান্ডসের জন্য অত্যন্ত কঠিন হয়ে দাঁড়াবে।

নিজেদের পরের দুটি ম্যাচ জিততে পারলে অবশ্য বিশেষ চিন্তার কারণ থাকবে না।

সুইডেনের আক্রমণাত্মক ফুটবলের বিরুদ্ধে নেদারল্যান্ডসও কাঁটা দিয়ে কাঁটা তোলার মরিয়া চেষ্টা করবে। কোডি গাকপো, মেম্ফিস ডেপায়, ফ্রেঙ্কি ডি ইয়ংরা এই ম্যাচে পার্থক্য গড়ে দিতে তৈরি। একই সঙ্গে রক্ষণে ভার্জিল ভ্যান ডাইক ভরসা জোগাচ্ছেন। রোনাল্ড কোম্যান প্রথম ম্যাচে ৪-৩-৩ ছকে পরিকল্পনা সাজিয়েছেন। এই ম্যাচেও একই কৌশল ধরে রাখেন কি না, তা দেখার বিষয়।

অন্যদিকে, গ্রাহাম পটারের অধীনে থাকা সুইডেন দারুণ আত্মবিশ্বাসী। নিজেদের প্রথম ম্যাচে তিউনিশিয়াকে ৫-১ গোলের বিশাল ব্যবধানে হারিয়ে অনেকটা এগিয়ে গিয়েছে বাকিদের তুলনায়। ডাচদের রক্ষণভাগকে এই ম্যাচে বিশেষ নজর রাখতে হবে সুইডেনের আক্রমণভাগের দিকে। বিশেষ করে, ভিক্টর ইয়োকেরেশ এবং আলেকজান্ডার ইসাকের মতো ফরোয়ার্ডরা বর্তমানে বিধ্বংসী ফর্মে রয়েছেন। ইয়োকেরেশের গোল করার ক্ষমতা এবং ইসাকের টেকনিক্যাল দক্ষতা যে কোনও রক্ষণভাগের জন্য বড় চ্যালেঞ্জ। কোথাও গিয়ে এই ম্যাচ ফুটবলারদের ছাপিয়ে দুই কোচের লড়াইও। কোম্যান এবং পটার দুজনই ফুটবল জগতে নামী কোচ হিসেবে পরিচিত।

খেলার খুচরো

দায়িত্বে যুবরাজ

আগামী আইপিএলে দিল্লি ক্যাপিটালসের ব্যাটিং কোচ হতে চলেছেন যুবরাজ সিং। ভারতের ২০০৭-এর টি২০ ও ২০১১-র ওডিআই বিশ্বকাপ জয়ী দলের এই সদস্য শুভমান গিল ও অভিষেক সিংয়ের ব্যক্তিগত মেন্টর। আইপিএলে ১৩২ ম্যাচও খেলেছেন।

ফিরছেন পন্থ!

পুরনো দল দিল্লি ক্যাপিটালসেই ফিরছেন লখনউ সুপার জায়ান্টস অধিনায়ক ঋষভ পন্থ। সংবাদ মাধ্যমে তেমনই গুঞ্জন। পরিবর্তে, দিল্লি থেকে লখনউয়ে যাচ্ছেন কুলদীপ যাদব। ২৭ কোটির ঋষভ ১৫ কোটিতেই খেলবেন পুরনো দলে। অর্থাৎ, ১২ কোটির লোকসানেই রাজি হচ্ছেন পন্থ।

নীরজ চতুর্থ

দোহা ডায়মন্ড লিগে ৮৫.৬৯ মিটার জ্যাভেলিন থ্রো করে চতুর্থ স্থানে প্রতিযোগিতা শেষ করলেন নীরজ চোপড়া। দীর্ঘ বিরতির পর ট্র্যাকে ফিরলেও দ্বিতীয় প্রয়াসে ৮২.৭৭ মিটার ছুড়ে তিনি সফলভাবে ২০২৬ কমনওয়েলথ গেমসের যোগ্যতা অর্জন করেছেন।

ছাড়ছেন সিংটো

ইস্টবেঙ্গল ছাড়তে চলেছেন থংবই সিংটো। হেড অফ ফুটবল হিসেবে গত মরশুমে দায়িত্ব নিয়েছিলেন তিনি। যদিও আগামী মরশুম নিয়ে তাঁর সঙ্গে ক্লাবের কোনও কথা হয়নি বলে খবর। দলে তাঁর কার্যকারিতা নিয়ে প্রশ্ন তুলছেন অনেকে।

পরের ম্যাচেই ঘুরে দাঁড়াতে পারে রোনাল্ডো

● ১ পাতার পর

যেটার তথ্য মতে, ৪১ বছরের রোনাল্ডোর বায়োলজিক্যাল বয়স বা ফিজিওলজিক্যাল বয়স নাকি মোটে ২৮.৯ বছর! এই ফিটনেস ট্র্যাকিংয়ে মূলত হাই-ইনটেনসিটি ওয়ার্কআউট, স্পিড ও তৎপরতার ট্রেনিং হয়। যা রোনাল্ডোর এই বয়সে প্রধান অনুশীলন।

বয়সের সঙ্গে নিজের খেলার ধরনও পাল্টেছে রোনাল্ডো। গোল না পেলেও বিশ্বকাপের প্রথম ম্যাচে যা দেখলাম, আগের মতো সারা মাঠ দৌড়াদৌড়ি না করে সম্পূর্ণ স্ট্রাইকার হিসেবে গোল করার জায়গায় ফোকাস করছে রোনাল্ডো। যাকে কেরিয়ারের পড়ন্ত বেলাতেও পর্তুগালকে বিশ্বকাপ জেতানোর তাগিদ তাড়িয়ে নিয়ে বেড়াচ্ছে, ১,০০০ গোলের মাইলস্টোন ছোঁয়ার লক্ষ্য প্রতিনিয়ত অনুপ্রাণিত করছে, সেই রোনাল্ডো পরের ম্যাচেই ঘুরে দাঁড়ালে এতটুকু অবাক হব না। ও বারবার ঘুরে দাঁড়িয়েছে। তাই ওর ঘুরে দাঁড়ানো মধ্যে আমি কোনও চমক দেখি না। বরং সমালোচকরাই আবারও চুপ করে যাবে হয়তো।

এই মুহূর্তে ফিফার আমন্ত্রিত দর্শক হিসেবে আমেরিকায় বিশ্বকাপ দেখতে এসেছি। আমি এখনও ক্লাব ফুটবল খেলছি। তাই ইরানের আলি দাইয়ের দেশের হয়ে আমার চেয়ে বেশি গোল থাকলেও, সক্রিয় ফুটবলার হিসেবে এশিয়ার সর্বোচ্চ আন্তর্জাতিক গোলদাতার সম্মান দিয়ে ফিফা আমাকে বিশ্বকাপ দেখার আমন্ত্রণ জানিয়েছে। এজন্য গর্বিতই শুধু নই, আমার কাছে এটা গোটা ভারতীয় ফুটবলের জন্য সম্মান। এক পুরনো বন্ধুকে সঙ্গে নিয়ে এখানে এসেছি। আরও দিনসাতেক আছি। ফিরতেই হবে এবং সেটাও কলকাতায়। টিভির এক জনপ্রিয় বাংলা গেম শো-তে এবার অংশ নিচ্ছি। যার শুটিং এই মাসের শেষেই হবে কলকাতায়। কিন্তু তার আগে বিশ্বকাপ উপভোগ করতে চাই। আর মনের মধ্যে এই বিশ্বাস দৃঢ় ভাবেই রাখছি, পরের ম্যাচ স্বমহিমায় ফিরে আসতে পারে রোনাল্ডো।

চেন্নাইয়ে আজ ফিরছেন হর্ষিত

আজকালের প্রতিবেদন

আজ
তৃতীয় ওডিআই
ভারত : আফগানিস্তান
(দুপুর ১-৩০)
স্টার স্পোর্টস। জিও হটস্টার

সিরিজের নিষ্পত্তি হয়ে গিয়েছে আগেই। শনিবার ভারত বনাম আফগানিস্তান ম্যাচ যেন অনেকটাই নিয়মরক্ষার। কিন্তু সামনেই টিম ইন্ডিয়ার ইংল্যান্ড সফর। সেখানে তিনটি একদিনের ম্যাচে কার জায়গা হবে, কে বাদ পড়বেন, সেটাও বড় ফ্যাক্টর। আগের ম্যাচে শতরান পেয়েছেন শুভমান গিল, ঈশান কিষাণ। কিন্তু দুই ম্যাচেই বড় রান পাননি যশস্বী জয়সওয়াল। শ্রেয়স আয়ারের ব্যাট থেকে এসেছে যথাক্রমে ১২ ও ২৬। রোহিত শর্মা দ্বিতীয় ম্যাচে ৪৮ করলেও প্রথম ম্যাচে করেছেন মাত্র ১৬। দ্বিতীয় ম্যাচে শূন্য রানে ফিরেছেন লোকেশ রাহুল। তাঁদের ওপর নজর থাকবে নির্বাচকদের।

বোলিংয়ে এই সিরিজের সেরা আবিষ্কার গুরনুর ব্রার। দুই ম্যাচেই নিয়েছেন তিনটি করে উইকেট। ইংল্যান্ড সফরে তাঁর জায়গা অনেকটাই পাকা। চোটের জন্য দীর্ঘদিন দলের বাইরে ছিলেন হর্ষিত রানা। টি২০ বিশ্বকাপের ঠিক আগে লিগামেন্টে চোট পেয়েছিলেন তিনি। টি২০ বিশ্বকাপ থেকে যেমন ছিটকে গিয়েছিলেন, তেমনই আইপিএলেও খেলতে পারেননি। অস্ত্রোপচারের পর আবার ফিরছেন হর্ষিত।

■ ক্রিকেটকে বিদায়

ক্রিকেটের জুতো জোড়া তুলে রাখলেন অনুষ্টুপ মজুমদার। খেলোয়াড় হিসেবে শুক্রবার শেষ ম্যাচ খেলতে মাঠে নামবেন বলে জানিয়েছিলেন। কিন্তু তাল কাটল বৃষ্টিতে। তার জেরে বিদায়ী ম্যাচ খেলা হল না অনুষ্টুপের। তিনি বলেন, 'সব কিছু আমাদের নিয়ন্ত্রণে নেই। এবার কোচ হিসেবে নতুন দায়িত্বের চ্যালেঞ্জ।'

■ ২০ জুলাই এসজিএম

নির্বাচনের ঢাকে কাঠি পড়ে গেল সিএবিতে। শুক্রবার সন্ধ্যায় ছিল অ্যাপেক্স কাউন্সিলের বৈঠক। সিদ্ধান্ত হয়েছে ২০ জুলাই হবে সিএবির বিশেষ সাধারণ সভা (এসজিএম)। ইলেক্টোরাল অফিসার সুশান্তরঞ্জন উপাধ্যায়। যুগ্মসচিব মদন ঘোষ 'ডিসকোয়ালিফায়েড' হওয়ার পর তাঁর উত্তরসূরি বেছে নেওয়ার প্রক্রিয়া শুরু হল।

DOLLAR
WEAR THE CHANGE

ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড (CIN : L17299WB1993PLC058969)
নিবন্ধিত কার্যালয়: 'ওম টাওয়ার', ১৫ তলা, ৩২, জে. এল. নেহেরু রোড, কলকাতা - ৭০০০৭১
ফোন নং ০৩৩-২২৮৮ ৪০৬৪-৬৬ **ফ্যাক্স নং** ০৩৩-২২৮৮৪০৬৩ **ওয়েবসাইট:** www.dollarglobal.in ই-মেইল: investors@dollarglobal.in

ফর্ম নং সিএএ ২
[কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ২৩০(৩) এবং কোম্পানিজ (কম্প্রোমাইজেস, অ্যারেঞ্জমেন্টস অ্যান্ড অ্যামালগ্যামেশনস) রুলস, ২০১৬-এর রুল ৬ এবং ৭ অনুযায়ী]
ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনালের সমীপে
কলকাতা বেঞ্চ-২
সি.এ. (সিএএ) নং ৫২/কেবি/২০২৬

সম্পর্কিত বিষয়:
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর অন্যান্য প্রাসঙ্গিক সংস্থাধীন সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ধারা ২৩০ থেকে ২৩২

এবং

সম্পর্কিত বিষয়:
দীনদয়াল টেক্সপ্রো প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ১"/ "ডিমার্জড কোম্পানি"), এডিডিএস প্রজেক্টস প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ২"/ "হস্তান্তরকারী কোম্পানি ১"), অ্যামিকেবল প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৩"/ "হস্তান্তরকারী কোম্পানি ২"), ভবানী ইয়ার্নস প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৪"/ "হস্তান্তরকারী কোম্পানি ৩"), ডলার ব্র্যান্ডস প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৫"/ "হস্তান্তরকারী কোম্পানি ৪"), গোল্ডম্যান ট্রেডিং প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৬"/ "হস্তান্তরকারী কোম্পানি ৫"), কেপিএস ডিস্ট্রিবিউটর্স প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৭"/ "হস্তান্তরকারী কোম্পানি ৬"), পিএইচপিএল প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৮"/ "হস্তান্তরকারী কোম্পানি ৭"), জেস্ট মার্চেন্টস প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৯"/ "হস্তান্তরকারী কোম্পানি ৮")-এর সাথে ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ১০"/ "ফলাফলকারী কোম্পানি"/ "গ্রহীতা কোম্পানি")-এর কম্পোজিট স্কিম অফ অ্যারেঞ্জমেন্ট ("স্কিম")।

ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড
(CIN : L17299WB1993PLC058969)

১৯৫৬ সালের কোম্পানি আইনের বিধানাবলির অধীনে গঠিত একটি কোম্পানি, যার নিবন্ধিত কার্যালয় ওম টাওয়ার, ৩২, জে.এল. নেহেরু রোড, ১৫ তলা, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০৭১-এ অবস্থিত

...রেজাল্টিং কোম্পানি/ গ্রহীতা কোম্পানি/
আবেদনকারী কোম্পানি ১০

ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাগণের সভার বিজ্ঞপ্তির নোটিশ এবং বিজ্ঞাপন

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, **১১ মে ২০২৬ তারিখের একটি আদেশের ("এনসিএলটি আদেশ") মাধ্যমে, কোম্পানি অ্যাপ্লিকেশন (সিএএ) নং ৫২/কেবি/২০২৬-এ,** মাননীয় ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চ-২ ("মাননীয় ট্রাইব্যুনাল") ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড ("রেজাল্টিং কোম্পানি"/ "গ্রহীতা কোম্পানি")-এর **ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাগণের** পৃথক সভার নির্দেশ দিয়েছেন, যা কোম্পানি আইন, ২০১৩ ("আইন")-এর ধারা ২৩০ থেকে ২৩২ এর অধীনে দীনদয়াল টেক্সপ্রো প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ১"/ "ডিমার্জড কোম্পানি"), এডিডিএস প্রজেক্টস প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ২"/ "হস্তান্তরকারী কোম্পানি ১"), অ্যামিকেবল প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৩"/ "হস্তান্তরকারী কোম্পানি ২"), ভবানী ইয়ার্নস প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৪"/ "হস্তান্তরকারী কোম্পানি ৩"), ডলার ব্র্যান্ডস প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৫"/ "হস্তান্তরকারী কোম্পানি ৪"), গোল্ডম্যান ট্রেডিং প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৬"/ "হস্তান্তরকারী কোম্পানি ৫"), কেপিএস ডিস্ট্রিবিউটর্স প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৭"/ "হস্তান্তরকারী কোম্পানি ৬"), পিএইচপিএল প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৮"/ "হস্তান্তরকারী কোম্পানি ৭"), জেস্ট মার্চেন্টস প্রাইভেট লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ৯"/ "হস্তান্তরকারী কোম্পানি ৮")-এর সাথে ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড ("আবেদনকারী কোম্পানি ১০"/ "ফলাফলকারী কোম্পানি"/ "গ্রহীতা কোম্পানি") এবং তাদের নিজ নিজ শেয়ারহোল্ডার এবং ঋণদাতাদের প্রস্তাবিত কম্পোজিট স্কিম অফ অ্যারেঞ্জমেন্ট ("স্কিম") বিবেচনা করার জন্য এবং উপযুক্ত মনে হলে, পরিবর্তন সহ বা পরিবর্তন ছাড়া অনুমোদন করার জন্য আহ্বান করা হবে।

এনসিএলটি আদেশের অনুসরণে এবং তাতে নির্দেশিত হিসাবে, এবং আইনের প্রযোজ্য বিধানাবলি এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় এবং সেবি কর্তৃক জারিকৃত প্রাসঙ্গিক পরিপত্র সহ অন্যান্য প্রযোজ্য আইন মেনে, এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে **ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের পৃথক সভা নিচে প্রদত্ত বিবরণ অনুযায়ী অনুষ্ঠিত হবে:**

ক্রম নং	সভার ধরন	তারিখ	সময়	মাধ্যম
১	ইক্যুইটি শেয়ারহোল্ডার	২২ জুলাই, ২০২৬	দুপুর ১২.০০টা (ভারতীয় প্রমাণ সময়)	রিমোট ই-ভোটিং সুবিধার সাথে ভিডিও কনফারেন্সিং (ভিসি)/ বা অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যমের (ওএভিএম) মাধ্যমে সভা আহ্বান করা হবে
২	অসুরক্ষিত ঋণদাতা	২২ জুলাই ২০২৬	দুপুর ২.৩০টা (ভারতীয় প্রমাণ সময়)	

উক্ত স্কিমের একটি অনুলিপি, আইনের ১০২ ধারার সাথে পঠিত ধারা ২৩০ এবং ২৩২ এর অধীনে বিবৃতি এবং অন্যান্য প্রযোজ্য বিধানাবলি এবং কোম্পানিজ (কম্প্রোমাইজেস, অ্যারেঞ্জমেন্টস অ্যান্ড অ্যামালগ্যামেশনস) এর বিধি ৬ এর সাথে এর সমস্ত সংযোজনী **ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর ওয়েবসাইট অর্থাৎ www.dollarglobal.in**, যে স্টক এক্সচেঞ্জগুলোতে ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত রয়েছে সেই ওয়েবসাইটগুলো অর্থাৎ বিএসই লিমিটেড ("বিএসই")-এর **www.bseindia.com** এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড ("এনএসই")-এর **www.nseindia.com** থেকে এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড ("সিডিএসএল")-এর ওয়েবসাইট **www.evotingindia.com** থেকে অ্যাক্সেস এবং ডাউনলোড করা যেতে পারে। নথিগুলি নিজ নিজ সভার তারিখ পর্যন্ত ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির নিবন্ধিত কার্যালয়, যা ওম টাওয়ার, ৩২, জে.এল. নেহেরু রোড, ১৫ তলা, কলকাতা-৭০০০৭১, পশ্চিমবঙ্গ, ভারত-এ অবস্থিত, সেখান থেকে যেকোনও কার্যদিবসে (শনি, রবি এবং সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১১:০০টা (ভারতীয় প্রমাণ সময়) থেকে দুপুর ১:০০টা (ভারতীয় প্রমাণ সময়) এর মধ্যে বিনামূল্যে সংগ্রহ করা যেতে পারে।

মাননীয় ট্রাইব্যুনাল উক্ত এনসিএলটি আদেশ অনুযায়ী, রেজাল্টিং কোম্পানি/ গ্রহীতা কোম্পানির **ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের সভার জন্য**, এর যেকোনও মুলতবি সভা সহ, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট **শ্রী জিয়ান শাহকে চেয়ারপারসন এবং শ্রী অশ্বিনী রমাকান্ত গুপ্তকে স্ক্রুটিনাইজার হিসেবে** নিযুক্ত করেছেন। কম্পোজিট স্কিম অফ অ্যারেঞ্জমেন্ট, যদি ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের নিজ নিজ সভায় প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা দ্বারা অনুমোদিত হয়, তবে তা মাননীয় ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চের অনুমোদন এবং অন্যান্য প্রযোজ্য অনুমোদন, অনুমতি এবং সম্মতির সাপেক্ষ হবে।

এতদ্বারা আরও বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে:

১. আদেশের সাথে সঙ্গতি রেখে, উপরোক্ত সভাগুলোর বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যাবলি সভার পূর্বে রিমোট ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে বা চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে সম্পন্ন করা হবে। রিমোট ই-ভোটিং এবং সভার চলাকালীন ই-ভোটিংয়ের সুবিধা প্রদান এবং ভিসি/ওএভিএম-এর মাধ্যমে সভায় অংশগ্রহণের জন্য ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানি **সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড ("সিডিএসএল")**-এর পরিষেবা গ্রহণ করেছে। রিমোট ই-ভোটিং এবং ই-ভোটিংয়ের প্রয়োজনীয় নির্দেশিকা ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের সভার নিজ নিজ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। **বুধবার, ১৫ জুলাই ২০২৬ ("ই-ভোটিংয়ের জন্য যোগ্য শেয়ারহোল্ডার নির্ধারণের কাট-অফ তারিখ")** তারিখে ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধনে তাদের শেয়ারের অনুপাতে ইক্যুইটি শেয়ারহোল্ডারদের ভোটাধিকার থাকবে। তাছাড়া অসুরক্ষিত ঋণদাতাদের ভোটাধিকার মঙ্গলবার, **৩১ মার্চ ২০২৬ ("ই-ভোটিংয়ের জন্য যোগ্য অসুরক্ষিত ঋণদাতা নির্ধারণের কাট-অফ তারিখ")** তারিখে ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির রেকর্ড অনুযায়ী অর্থ প্রদানের জন্য বকেয়া নিজ নিজ মূল পরিমাণের অনুপাতে হবে।

২. ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের সভার জন্য রিমোট ই-ভোটিংয়ের সময়কাল রবিবার, **১৯ জুলাই ২০২৬ সকাল ৯:০০ টায় (ভারতীয় প্রমাণ সময়) শুরু হবে এবং মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬ বিকাল ৫:০০ টায় (ভারতীয় প্রমাণ সময়)** শেষ হবে। এই সময়ে, ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং আনসিকিউরড পাওনাদাররা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট প্রদান করতে পারবেন। এরপরে সিডিএসএল দ্বারা ভোটদানের জন্য রিমোট ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করা হবে। একবার ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে এই বিষয়ে ভোট প্রদান করলে, পরবর্তীতে তাদের তা পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না। রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট প্রদান ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের তাদের নিজ নিজ সভায় উপস্থিত হতে এবং অংশগ্রহণ করতে বঞ্চিত করে না। যে সকল ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং আনসিকিউরড পাওনাদার সভার পূর্বে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট প্রদান করেননি তারা তাদের নিজ নিজ সভা চলাকালীন উপলব্ধ ই-ভোটিং সুবিধার মাধ্যমে তাদের ভোট প্রদান করার অধিকারী হবেন।

৩. যেহেতু এই সভাগুলো ভিসি/ ওএভিএম-এর মাধ্যমে অনুষ্ঠিত হচ্ছে, তাই ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের সশরীরে উপস্থিতির আবশ্যকতা বাতিল করা হয়েছে। তদনুসারে, সভার জন্য ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের দ্বারা প্রক্সি নিয়োগের সুবিধা উপলব্ধ থাকবে না এবং তাই প্রক্সি ফর্ম এবং উপস্থিতির স্লিপ ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের সভার বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হয়নি।

৪. নিজ নিজ সভার স্ক্রুটিনাইজার রেজোলিউশনের পক্ষে এবং বিপক্ষে প্রদত্ত মোট ভোট এবং অবৈধ ভোট, যদি থাকে, তার একটি স্ক্রুটিনাইজার রিপোর্ট প্রস্তুত করে লিখিতভাবে এনসিএলটি নিযুক্ত সভার চেয়ারপারসনের কাছে জমা দেবেন।

৫. কাট-অফ তারিখ অনুযায়ী ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের তাদের নিজ নিজ সভায় উপস্থিত থাকতে এবং ইলেকট্রনিক মাধ্যমে তাদের ভোট প্রদান করার জন্য অনুরোধ করা হচ্ছে। কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১১৩ অনুসারে, কর্পোরেট বডিগুলো, যার মধ্যে কর্পোরেট শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতারা অন্তর্ভুক্ত, তাদের পক্ষে ভিডিও কনফারেন্সিং ("ভিসি") / অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যমের ("ওএভিএম") মাধ্যমে নিজ নিজ সভায় উপস্থিত থাকার জন্য এবং রিমোট ই-ভোটিং এবং/অথবা সভা চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার জন্য অনুমোদিত প্রতিনিধি নিয়োগ করার অধিকারী। এই ধরনের কর্পোরেট বডিগুলোকে বোর্ড রেজোলিউশনের একটি প্রত্যয়িত সত্য অনুলিপি বা অন্যান্য বৈধ অনুমোদন পাঠাতে হবে, যা তাদের প্রতিনিধিকে সভা আহ্বানের বিজ্ঞপ্তিতে নির্ধারিত নির্দেশাবলী অনুযায়ী ভিসি/ওএভিএম-এর মাধ্যমে নিজ নিজ সভায় উপস্থিত থাকতে এবং ভোট দেওয়ার অনুমোদন দেয়।

৬. ইলেকট্রনিক মাধ্যমে ভোটদানের সুবিধা সম্পর্কিত সমস্ত অভিযোগ শ্রী রাকেশ ডালভি, সিনিয়র ম্যানেজার, সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল), এ উইং, ২৫ তলা, ম্যারাথন ফিউচারেক্স, মফতলাল মিল কম্পাউন্ডস, এন এম যোশী মার্গ, লোয়ার পারেল (পূর্ব), মুম্বাই-৪০০০১৩ -এর ঠিকানায় পাঠানো যেতে পারে বা helpdesk.evoting@cdslindia.com -এ ইমেল পাঠাতে পারেন অথবা টোল ফ্রি নং ১৮০০ ২১ ০৯৯১১ -এ কল করতে পারেন।

৭. স্কিম সম্পর্কিত কোনো প্রশ্ন থাকলে তা কোম্পানির কোম্পানি সেক্রেটারি শ্রী অভিষেক মিশ্রের নামে ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির নিবন্ধিত কার্যালয় ওম টাওয়ার ৩২, জে.এল. নেহেরু রোড, ১৫ তলা, কলকাতা- ৭০০০৭১, পশ্চিমবঙ্গ, ভারত-এ ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির কাছে পাঠাতে হবে।

৮. স্ক্রুটিনাইজার সভা সমাপ্ত হওয়ার ২ (দুই) দিনের মধ্যে ভোটদান সম্পর্কিত সমস্ত কাগজপত্র সহ সভার রিপোর্ট প্রস্তুত করে সভার চেয়ারপারসনের কাছে জমা দেবেন। এরপর চেয়ারপারসন সভা সমাপ্ত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চে রিপোর্ট করবেন। ফলাফল এবং স্ক্রুটিনাইজারের রিপোর্ট ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে এবং ফলাফলকারী কোম্পানি/ গ্রহীতা কোম্পানির ওয়েবসাইটে এবং বিএসই লিমিটেড, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইটে এবং সিডিএসএল-এর ওয়েবসাইটেও প্রদর্শিত হবে।

৯. যে সকল ইক্যুইটি শেয়ারহোল্ডার তাদের ডিম্যাট অ্যাকাউন্টে তাদের ই-মেইল ঠিকানা আপডেট করেননি তাদের নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে তা আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে

তারিখ: ১৮ জুন ২০২৬
স্থান: কলকাতা

স্বা/-
অভিষেক মিশ্র
কোম্পানি সেক্রেটারি
চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট শ্রী জিয়ান শাহ দ্বারা অনুমোদিত
ইক্যুইটি শেয়ারহোল্ডার এবং অসুরক্ষিত ঋণদাতাদের সভার জন্য নিযুক্ত চেয়ারপারসন

pnb Housing Finance Limited

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কে জি মার্গ, নতুন দিল্লি-১১০০০১, ফোন: ০১১-২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com
শাখা অফিস: মুম্বই, জি-০১, গ্রাউন্ড ফ্লোর, বাবা হাউস, ওয়েস্টার্ন এক্সপ্রেস মেট্রো স্টেশনের নিকটে, আন্ধেরি ইস্ট, মুম্বই-৪০০০৯৩
হাল তারিখ পর্যন্ত সংশোধনী সমেত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩(১)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর চ্যাপ্টার-III-এর ১৩(২) ধারাধীনে নোটিস

আমরা, **পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড** (এখানে এর পরে **'পিএনবিএইচএফএল'** হিসেবে উল্লিখিত) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত)-এর চ্যাপ্টার-III-এর ১৩(২) ধারাধীনে নিম্নোক্ত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলাম। ওই দাবি বিজ্ঞপ্তি আমাদের অনুমোদিত আধিকারিকের মাধ্যমে নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/ সহ-ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ রূপে আপনাদের সকলের প্রতি জারি করা হয়েছিল কারণ কিস্তি/সুদ প্রদান না করার জন্য ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক/ ন্যাশনাল হাউজিং ব্যাঙ্ক-এর নির্দেশিকা মোতাবেক আপনাদের অ্যাকাউন্টগুলি অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ) হিসেবে শ্রেণিবদ্ধ হয়েছে। ঋণের আসল ও সুদ ইত্যাদির কিস্তি প্রদান না করার কারণে আপনাদের খেলাপি হওয়ার বিষয়গুলি ওই দাবি বিজ্ঞপ্তিগুলিতে উল্লেখ করা হয়েছিল। বকেয়া অর্থাঙ্কের পরিমাণ এখানে নীচে উল্লেখ করা হয়েছে। পাশাপাশি, আমাদের এমত বিশ্বাস করার যথেষ্ট কারণ রয়েছে যে, আপনারা ওই দাবি বিজ্ঞপ্তিগুলির পরিষেবা গ্রহণ করা এড়িয়ে যাচ্ছেন এবং এই কারণে এই দাবি বিজ্ঞপ্তিটি সংবাদপত্রে প্রকাশ করা হল যা উক্ত অ্যাক্টের ১৩(২) ধারা মোতাবেকও প্রয়োজনীয়। এতদ্বারা নীচে লেখা আপনাদের সকলকে এই দাবি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নীচে আপনাদের নামের পাশে উল্লিখিত বকেয়া অর্থাঙ্ক আজ পর্যন্ত বকেয়া সুদ ও চার্জ সমেত অন্যান্য অর্থাঙ্ক (যার মধ্যে পড়বে বকেয়া পুরোপুরি আদায় দেওয়ার তারিখ পর্যন্ত প্রদেয় যাবতীয় অর্থাঙ্ক) পিএনবিএইচএফএল-কে পরিশোধ করার জন্য আহ্বান জানানো হচ্ছে, যেমনটা করতে আপনারা ব্যর্থ হলে নিম্নলিখিত ঋণগ্রহীতাদের/ জামিনদারদের সুরক্ষিত পরিসম্পদগুলির দখল নেওয়া সহ এক বা একাধিক সুরক্ষিত পরিসম্পদের বিরুদ্ধে উক্ত অ্যাক্টের ১৩(৪) মোতাবেক প্রযোজ্য সমুদায় বা যে কোনও দরকারি আইনি পদক্ষেপ পিএনবিএইচএফএল নেবে।
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতিও আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যেখানে দরপত্র আমন্ত্রণ, জনসাধারণের কাছ থেকে দরপ্রস্তাব আমন্ত্রণ বা ব্যক্তিগত চুক্তির মাধ্যমে আপনাদের স্বত্বাধীন সুরক্ষিত পরিসম্পদগুলি প্রকাশ্য নিলামে বিক্রি করা সংক্রান্ত বিক্রয় বিজ্ঞপ্তি প্রকাশের আগে আপনাদের তরফে বকেয়া রাখা যাবতীয় অর্থাঙ্ক এবং তৎসহ পিএনবি এইচএফএল-এর তরফে করা বা করা হতে পারে এমন যাবতীয় খরচাপাতি, মাশুল ও চার্জ ইত্যাদি সমেত পুরোপুরি আদায় দিতে/পরিশোধ করতে পারেন। এর পাশাপাশি উক্ত অ্যাক্টের ১৩(১৩) ধারা মোতাবেক নীচে লেখা সুরক্ষিত পরিসম্পদগুলি বিক্রি, ইজারা বা অন্য কোনও উপায়ে হস্তান্তর করা থেকে আপনাদের বিরত থাকতে বলা হচ্ছে।

লোন অ্যাকাউন্ট নম্বর এবং শাখার নাম	ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	জামিনদারের নাম ও ঠিকানা	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ	দাবি বিজ্ঞপ্তির তারিখ	দাবি বিজ্ঞপ্তির তারিখে বকেয়া
NHL/MUM/ 1023/ 1169590 এবং HOU/ MUM / 0917/ 427611 শাখা অফিস: মুম্বই	**অনির্বাণ মুখার্জি, বাণী মুখার্জি এবং সোমা মুখার্জি,** (১) ফ্ল্যাট নং ৪জি ও ৪এফ, ফ্লোর নং ৪, দক্ষিণ-পূর্ব অংশে, হ্যাপি গার্ডেন, হোল্ডিং নং ১৩৯, ব্লক 'এ', অনসাইটে এরূপে নম্বরযুক্ত: ফ্ল্যাট নং 'জি' এবং 'এফ', শিবপুর রোড, শিবপুর হাওড়া, হাওড়া, পশ্চিমবঙ্গ, হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১১০২; (২) ১৩৯, শিবপুর রোড, শিবপুর রোড, পশ্চিমবঙ্গ, ভারত-৭১১১০২; (৩) ফ্ল্যাট নং ১৯০৬, ফ্লোর নং ১৯, উইং 'সি', সলিটেয়ার বিল্ডিং, কোলশেট রোড, এভারেস্ট ওয়ার্ল্ড, কপুরবাওড়ি ধোকালি পাড়া, ধোকালি, ঠানে ওয়েস্ট, ঠানে, মহারাষ্ট্র-৪০০৬০৭; **অনির্বাণ মুখার্জি এবং বাণী মুখার্জি,** (১) ফ্ল্যাট নং ১০০৫, কার্ডিনাল সিএইচএস, কোলশেট, জি বি রোড, হিরানন্দানি এস্টেট, ঠানে ওয়েস্ট, ঠানে, মহারাষ্ট্র, ভারত-৪০০৬০৭; **অনির্বাণ মুখার্জি এবং বাণী মুখার্জি,** (১) সি-১২০২, বিজেতা, দোস্তি বিহার, পোখরান রোড, বর্তক নগর, ঠানে ওয়েস্ট, ঠানে, মহারাষ্ট্র, ভারত-৪০০৬০৬; **অনির্বাণ মুখার্জি,** (১) ২০৩, ২০৪, ফ্লোর নং ২, পিএনবি হাউজিং, ওয়েস্টার্ন এজ ১, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ে, বরিভেলি ইস্ট, মুম্বই, মহারাষ্ট্র, ভারত-৪০০০৬৬; (২) এ-৬০১/৬০২, ভূমি সরস্বতী, গাঞ্জাওয়ালা লেন, চামুণ্ডা সার্কলের নিকটে, বরিভেলি ওয়েস্ট, মহারাষ্ট্র, ভারত-৪০০০৯২	উপলব্ধ নয়	(১) ফ্ল্যাট নং ৪জি ও ৪এফ, ফ্লোর নং ৪, দক্ষিণ-পূর্ব অংশে, হ্যাপি গার্ডেন, হোল্ডিং নং ১৩৯, ব্লক 'এ', অনসাইটে এরূপে নম্বরযুক্ত: ফ্ল্যাট নং 'জি' এবং 'এফ', শিবপুর রোড, শিবপুর হাওড়া, হাওড়া, পশ্চিমবঙ্গ, হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১১০২। (২) ফ্ল্যাট নং ১৯০৬, ফ্লোর নং ১৯, উইং 'সি', সলিটেয়ার বিল্ডিং, কোলশেট রোড, এভারেস্ট ওয়ার্ল্ড, কপুরবাওড়ি ধোকালি পাড়া, ধোকালি, ঠানে ওয়েস্ট, ঠানে, মহারাষ্ট্র-৪০০৬০৭।	১০.০৬.২৬	₹১,৪০,৮০,০৮০.১৯ (এক কোটি চল্লিশ লক্ষ আশি হাজার আশি টাকা এবং উনিশ পয়সা মাত্র)

স্থান: হাওড়া; তারিখ: ২০.০৬.২০২৬
অনুমোদিত আধিকারিক, পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড

pnb Housing Finance Limited Ghar Ki Baat

পরিশিষ্ট-IV-A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই-নিলাম বিক্রির বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রির বিজ্ঞপ্তি
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নতুন দিল্লি-১১০০০১। ফোন: ০১১-২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com

কলকাতা শাখা: পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড, ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

এতদ্বারা জনসাধারণ-সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং 'A'-তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা-এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং 'D'-তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং 'C'-তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **'যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং 'A' তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)-এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী-সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯-এর সংস্থানাধীনে এতদ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীর নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি-র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/ KOL/ 0920/ 817358 শাখা অফিস: কলকাতা রাজেশ সাহা / প্রিয়াঙ্কা সাহা	₹ ১১,২২,৬০৫.০০ ০৪.১১.২০২৫ অনুযায়ী	বাস্তবিক	'বকুল জ্যোতি' নামক বিল্ডিংয়ের ৪ নং ফ্লোরে দক্ষিণ-পশ্চিম ভাগে সামান্য কমবেশি ৭১০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ও '৪এ' নম্বরযুক্ত ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- কেরুলিয়া, জে এল নং ৫, আর এস নং ১১, তৌজি নং ১৭২, হোল্ডিং নং ৩১৮, বকুলতলা, থানা- খড়দহ, ওয়ার্ড নং ৫, খড়দহ মিউনিসিপ্যালিটির এলাকাধীন, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- সিঁড়ি ও লিফ্ট; দক্ষিণ- পাশের উন্মুক্ত স্থান; পূর্ব- ফ্ল্যাট নং ৪বি; পশ্চিম- পাশের উন্মুক্ত স্থান।	₹ ১৫,৩৫,০০০/-	₹ ১,৫৩,৫০০/-	০৮.০৭.২৬	₹ ১০,০০০/-	০১.০৭.২৬ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	০৯.০৭.২৬ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড-এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং 'K'-তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। [১] আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। [২] নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং 'K'-তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল-এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)-কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। [৩] অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(৩)-এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতা/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। [৪] ই-নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা- ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল-এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০ , ই-মেল: auction@pnbhousing.com অথবা www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ২০.০৬.২০২৬
অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড